গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

# "বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ নীতিমালা - ২০১৩"

নভেম্বর-২০১৩

# সূচিপত্র


| | | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ০১. | শিরোনাম | ১ |
| ০২. | বাস্তবায়ন কাঠামো | ১ |
| ০৩. | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | ১ |
| ০৪. | মুক্তিযোদ্ধা চিহ্নিতকরণের মানদন্ড | ১ |
| ০৫. | যোগ্য উত্তরাধিকারীগণ | ১ |
| ০৬. | মুক্তিযোদ্ধা ভাতা প্রাপ্তির অযোগ্যতা | ১ |
| ০৭. | প্রার্থী বাছাই পদ্ধতি | ২ |
| ০৮. | মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ সংক্রান্ত উপজেলা কমিটি | ২ |
| ০৯. | উপজেলা কমিটির কার্যপরিধি | ২ |
| ১০. | সিটি কর্পোরেশন এলাকার কমিটি | ৩ |
| ১১. | সিটি কর্পোরেশন এলাকার কমিটির কার্যপরিধি | ৩ |
| ১২. | মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা প্রদান সংক্রান্ত জেলা কমিটি | ৩ |
| ১৩. | পার্বত্য জেলা কমিটি | ৪ |
| ১৪. | জেলা/পার্বত্য জেলা কমিটির কার্যপরিধি | ৪ |
| ১৫. | গণ্যমান্য ব্যক্তি | ৪ |
| ১৬. | ভাতা পরিশোধ পদ্ধতি | ৪ |
| ১৭. | নীতিমালা সংশোধন | ৬ |
| ১৮. | আর্থিক বিবরণ প্রেরণ | ৬ |
| ১৯. | অব্যয়িত অর্থের বিবরণ | ৬ |
| ২০. | নীতিমালায় অন্তর্ভুক্ত নাই এমন বিষয় | ৬ |
| ২১. | নীতিমালার কার্যকারিতা | ৬ |
| ২২. | সংযোজনী-১ (ফরম- ১) | ৭ |
| ২৩. | সংযোজনী-২ (ফরম- ২) | ৯ |
| ২৪. | সংযোজনী-৩ (ফরম- ৩) | ১৫ |
| ২৫. | সংযোজনী-৪ (ফরম- ৪) | ১৭ |

## ০১. শিরোনাম ঃ

এই নীতিমালা "বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ নীতিমালা-২০১৩" নামে অভিহিত হবে।

## ০২. বাস্তবায়ন কাঠামো ঃ

বাংলাদেশের সকল উপজেলা, পৌরসভা এবং সিটি কর্পোরেশনের অন্তর্ভূক্ত থানাসমূহে এই নীতিমালার আওতাভূক্ত সম্মানী ভাতা পাওয়ার যোগ্য সকল মুক্তিযোদ্ধাকে প্রতি মাসে ৩,০০০/- (তিন হাজার) টাকা হারে সম্মানী ভাতা প্রদান করা হবে। সম্মানী ভাতার হার সময়ে সময়ে প্রজ্ঞাপন জারির মাধ্যমে সরকার পরিবর্তন করতে পারবে।

## ০৩. বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ঃ

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ কর্মসূচি বাস্তবায়ন করবে। মাঠ পর্যায়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সেক্টর ও জনবল না থাকায় জেলা পর্যায়ে ও সিটি কর্পোরেশন এলাকায় জেলা প্রশাসক এবং উপজেলা ও প্রযোজ্য ক্ষেত্রে পৌরসভা এলাকায় উপজেলা নির্বাহী অফিসার বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ কর্মসূচি বাস্তবায়ন করবে।

## ০৪. মুক্তিযোদ্ধা চিহ্নিতকরণের মানদন্ড ঃ

মুক্তিযোদ্ধা নীতিমালার আওতায় 'মুক্তিযোদ্ধা' বলতে নিম্নবর্ণিত ব্যক্তিগণকে বুঝাবে ঃ-

১. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে যাঁদের নামে মুক্তিযোদ্ধা সনদপত্র/ মুক্তিযোদ্ধা সাময়িক সনদপত্র ইস্যু করা হয়েছে;
২. মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল হতে সনদধারী ব্যক্তিগণ;
৩. যাঁদের নাম মুক্তিবার্তা চূড়ান্ত তালিকায় (মুক্তিবার্তা লালবই) অন্তর্ভুক্ত আছে;
৪. যাঁদের নামে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে গেজেট প্রকাশ করা হয়েছে; এবং
৫. মুক্তিযোদ্ধা হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে চূড়ান্তভাবে প্রকাশিত ডাটাবেইজে যাঁদের নাম অন্তর্ভূক্ত আছে।

## ০৫. মুক্তিযোদ্ধাদের মৃত্যুর পর সম্মানী ভাতা পাবার যোগ্য অগ্রাধিকার প্রাপ্ত উত্তরাধিকারীগণ ঃ

১. ভাতাভোগী মুক্তিযোদ্ধা মৃত্যুবরণ করলে তার স্ত্রী/স্বামী;
২. স্ত্রী/স্বামীর অবর্তমানে পিতা/মাতা;
৩. স্ত্রী/স্বামী ও পিতা মাতার অবর্তমানে পুত্র কন্যাগণ।

## ০৬. মুক্তিযোদ্ধা ভাতা প্রাপ্তির অযোগ্যতা ঃ

যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা পরিবার, মৃত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবার যাঁরা বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট হতে রাষ্ট্রীয় সম্মানী ভাতা পেয়ে থাকেন তাঁরা এ নীতিমালার আওতায় সম্মানী ভাতাপ্রাপ্য হবেন না।

০৭. **প্রার্থী বাছাই পদ্ধতি ঃ**

ক) পূর্ব থেকে যাঁরা সম্মানী ভাতা গ্রহণ করেছেন তাঁদের সম্মানী ভাতা প্রদান অব্যাহত থাকবে। তবে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক কেউ অমুক্তিযোদ্ধা প্রমানিত হলে তার নাম তালিকা থেকে বাদ যাবে।

খ) জেলা, উপজেলা, পৌরসভা এবং সিটি কর্পোরেশনের এলাকাভুক্ত থানাসমূহে নতুনভাবে ভাতা বিতরণের জন্য অতিরিক্ত প্রার্থী বাছাইকল্পে ব্যাপক প্রচারের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা হবে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা প্রশাসক, পৌরসভা কর্তৃপক্ষ, সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ এবং উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে এ প্রচারণার ব্যবস্থা গ্রহণ করবে।

গ) মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা গ্রহণে আগ্রহী প্রার্থীগণ সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক, সিটি কর্পোরেশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক, পৌরসভা ও উপজেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণের নিকট নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিল করবেন।

ঘ) উপজেলা ও সিটি কর্পোরেশন কমিটি আবেদনকারীগণের দাখিলকৃত মুক্তিযোদ্ধা সনদ/ মুক্তিবার্তা/ গেজেট/ডাটাবেইজ পরীক্ষাপূর্বক প্রাথমিক তালিকা প্রণয়ন করবে এবং চূড়ান্ত অনুমোদনের জন্য জেলা/পার্বত্য জেলা কমিটির নিকট প্রেরণ করবে।

ঙ) জেলা কমিটি, উপজেলা ও সিটি কর্পোরেশন কমিটি থেকে প্রাপ্ত তালিকা পরীক্ষা নিরীক্ষাপূর্বক চূড়ান্ত অনুমোদন প্রদান করবে এবং সংশ্লিষ্ট উপজেলা ও সিটি কর্পোরেশনে অনুমোদিত তালিকা প্রেরণ করবে।

০৮. **মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ সংক্রান্ত উপজেলা কমিটি ঃ**

১. উপজেলা নির্বাহী অফিসার - সভাপতি
২. পৌরসভা চেয়ারম্যান/প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) - সদস্য
৩. উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড এর ০২ জন প্রতিনিধি - সদস্য
৪. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা - সদস্য
৫. উপজেলাধীন সংশ্লিষ্ট ব্যাংক ম্যানেজার - সদস্য
৬. সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান - সদস্য
৭. গণ্যমান্য ব্যক্তি ০২ (দুই) জন (১ জন পুরুষ + ১ জন মহিলা) - সদস্য
৮. উপজেলা সমাজসেবা কর্মকর্তা - সদস্য সচিব

০৯. **উপজেলা কমিটির কার্যপরিধি ঃ**

১. উপজেলা এবং প্রযোজ্য ক্ষেত্রে পৌরসভা এলাকাভূক্ত থানাসমূহে নতুন ভাবে ভাতা বিতরণের জন্য অতিরিক্ত প্রার্থী বাছাইকল্পে প্রচারের মাধ্যমে দরখাস্ত আহ্বান করবে।

২. আগ্রহী প্রার্থীগণের দরখাস্তসমূহ যাচাই বাছাইপূর্বক এ নীতিমালার আওতায় ভাতা পাওয়ার উপযুক্ত মুক্তিযোদ্ধাগণের প্রাথমিক তালিকা প্রণয়ন করে জেলা/পার্বত্য জেলা কমিটির অনুমোদনের জন্য প্রেরণ করবে।

৩. এ নীতিমালার আওতায় সম্মানী ভাতা প্রাপ্ত মুক্তিযোদ্ধার মৃত্যু হলে তার প্রাধিকার প্রাপ্ত উত্তরাধিকারীর আবেদন যাচাই বাছাইপূর্বক ভাতা প্রদানের সুপারিশসহ সিদ্ধান্ত জেলা কমিটির অনুমোদনের জন্য প্রেরণ করবে।

৪. প্রার্থী বাছাই সংক্রান্ত যাবতীয় অভিযোগ নিষ্পত্তি করবে। আপীলের প্রশ্ন দেখা দিলে তা নিষ্পত্তির জন্য জেলা কমিটিতে প্রেরণ করবে।

১০. সিটি কর্পোরেশন এলাকার থানাসমূহের মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ সংক্রান্ত সিটি কর্পোরেশন কমিটি ঃ

(দেশের ৭টি বিভাগীয় সিটি কর্পোরেশনের জন্য প্রযোজ্য হবে)

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক | - সভাপতি |
| ২. | সিটি কর্পোরেশনের ০১ জন প্রতিনিধি | - সদস্য |
| ৩. | সিটি কর্পোরেশন এলাকার প্রতিটি থানা কমান্ড এর ০১ জন করে প্রতিনিধি | - সদস্য |
| ৪. | বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা | - সদস্য |
| ৫. | সংশ্লিষ্ট ব্যাংক ম্যানেজার | - সদস্য |
| ৬. | সিটি কর্পোরেশন সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর | - সদস্য |
| ৭. | উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | - সদস্য সচিব |

১১. সিটি কর্পোরেশন কমিটির কার্যপরিধি ঃ

১. সিটি কর্পোরেশন এলাকার থানাসমূহে নতুন ভাবে ভাতা বিতরণের জন্য অতিরিক্ত প্রার্থী বাছাইকল্পে ব্যাপক প্রচারের মাধ্যমে দরখাস্ত আহ্বান করবে।

২. আগ্রহী প্রার্থীগণের দরখাস্তসমূহ যাচাই বাছাইপূর্বক এ নীতিমালার আওতায় ভাতা পাওয়ার উপযুক্ত মুক্তিযোদ্ধাগণের প্রাথমিক তালিকা প্রণয়ন করবে এবং জেলা কমিটির অনুমোদনের জন্য প্রেরণ করবে।

৩. এ নীতিমালার আওতায় সম্মানী ভাতা প্রাপ্ত কোন মুক্তিযোদ্ধার মৃত্যু হলে তার প্রাধিকার প্রাপ্ত উত্তরাধিকারীর আবেদন যাচাই বাছাইপূর্বক ভাতা প্রদানের সুপারিশসহ সিদ্ধান্ত জেলা কমিটির অনুমোদনের জন্য প্রেরণ করবে।

৪. প্রার্থী বাছাই সংক্রান্ত যাবতীয় অভিযোগ নিষ্পত্তি করবে। আপীলের প্রশ্ন দেখা দিলে তা নিষ্পত্তির জন্য জেলা কমিটিতে প্রেরণ করবে।

১২. মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা প্রদান সংক্রান্ত জেলা কমিটি ঃ

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | - সভাপতি |
| ২. | পুলিশ সুপার | - সদস্য |
| ৩. | সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যান/প্রতিনিধি | - সদস্য |
| ৪. | জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা | - সদস্য |
| ৫. | মুক্তিযোদ্ধা সংসদ জেলা কমান্ড এর ২ জন প্রতিনিধি | - সদস্য |
| ৬. | গণ্যমান্য ব্যক্তি ২ জন (১ জন পুরুষ + ১ জন মহিলা) | - সদস্য |
| ৭. | জেলা শহরে অবস্থিত সংশ্লিষ্ট ব্যাংকের কর্মকর্তা | - সদস্য |
| ৮. | উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | - সদস্য সচিব |

১৩. **পার্বত্য জেলা কমিটি ঃ**

**(দেশের ৩ টি পার্বত্য জেলার জন্য প্রযোজ্য হবে)**

১. জেলা প্রশাসক - সভাপতি
২. পুলিশ সুপার - সদস্য
৩. পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান-এর প্রতিনিধি - সদস্য
৪. সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যান/প্রতিনিধি - সদস্য
৫. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা - সদস্য
৬. জেলা মুক্তিযোদ্ধা সংসদ-এর ২ জন প্রতিনিধি - সদস্য
৭. গণ্যমান্য ব্যক্তি ২ জন (১ জন পুরুষ + ১ জন মহিলা) - সদস্য
৮. জেলা শহরে অবস্থিত সংশ্লিষ্ট ব্যাংকের কর্মকর্তা - সদস্য
৯. উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় - সদস্য সচিব

১৪. **জেলা/পার্বত্য জেলা কমিটির কার্যপরিধি ঃ**

১. উপজেলা ও সিটি কর্পোরেশন কমিটির নিকট থেকে প্রাপ্ত প্রাথমিক তালিকাসমূহ যাচাই বাছাইপূর্বক চূড়ান্ত অনুমোদন প্রদান করবে।

২. সম্মানী ভাতা প্রাপ্ত কোন মুক্তিযোদ্ধার মৃত্যু হলে তার প্রাধিকারপ্রাপ্ত উত্তরাধিকারীগণের উপজেলা ও সিটি কর্পোরেশন কমিটি থেকে প্রাপ্ত আবেদন তালিকা যাচাই বাছাই করে চূড়ান্ত অনুমোদন প্রদান করবে।

৩. উপজেলা ও সিটি কর্পোরেশন থেকে প্রাপ্ত আপীল আবেদন নিষ্পত্তি করবে।

৪. উপজেলা ও সিটি কর্পোরেশনের তালিকার বিরুদ্ধে অথবা ভাতা প্রদান সংক্রান্ত অন্য কোন অভিযোগ যাচাই বাছাই করে চূড়ান্ত অনুমোদন প্রদান করবে।

৫. ভাতা প্রদান কার্যক্রম তদারকি করবে।

৬. সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত আদেশাবলী পালন করবে।

৭. কোন উপজেলা বা সিটি কর্পোরেশন এলাকার থানায় নির্ধারিত সংখ্যক যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট জেলার অন্য কোন উপজেলা বা সিটি কর্পোরেশন এলাকার কোন থানার যোগ্য প্রার্থী দ্বারা নির্ধারিত সংখ্যা পূরণ করা যাবে। এ বিষয়ে জেলা কমিটি চূড়ান্ত সিদ্ধান্ত নিতে পারবে।

১৫ **গণ্যমান্য ব্যক্তি ঃ**

**গণ্যমান্য ব্যক্তি বলতে নিম্নবর্ণিত ব্যক্তিগণকে বুঝাবে ঃ-**

১. নেতৃস্থানীয় সমাজসেবক/সংগঠক
২. শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান
৩. ধর্মীয় প্রতিষ্ঠানের প্রধান
৪. অবসরপ্রাপ্ত বেসামরিক/সামরিক কর্মকর্তা/কর্মচারী

১৬. **ভাতা পরিশোধের পদ্ধতি ঃ**

ক) উপজেলার ক্ষেত্রে উপজেলা সমাজসেবা কার্যালয় ভাতা প্রদান সংক্রান্ত কমিটি কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত ভাতা প্রাপকদের তালিকা এবং প্রয়োজনীয় উপকরণ (ভাতা পরিশোধ বই, ডি হাফ

ও ছবি) ও অন্যান্য তথ্যাদি উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার নিকট প্রেরণ করবে। সিটি কর্পোরেশন এলাকার থানার ক্ষেত্রে উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় ভাতা প্রদান সংক্রান্ত কমিটি কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত ভাতা প্রাপকদের তালিকা এবং প্রয়োজনীয় উপকরণ (ভাতা পরিশোধ বই, ডি হাফ ও ছবি) ও অন্যান্য তথ্যাদি জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার নিকট প্রেরণ করবে।

খ) উপজেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কর্মকর্তা এবং সিটি কর্পোরেশন এলাকার থানার ক্ষেত্রে উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় কমিটি কর্তৃক চূড়ান্তভাবে প্রণীত ভাতা প্রাপকের তালিকা সংরক্ষণ করবে।

গ) মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ বাবদ বাজেটে বরাদ্দকৃত অর্থ সমান দু'কিস্তিতে অর্থ মন্ত্রণালয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বরাবর অবমুক্ত করবে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় উক্ত অর্থ মুক্তিযোদ্ধার সংখ্যা অনুযায়ী জেলা প্রশাসক বরাবর বরাদ্দ প্রদান করবে। জেলা প্রশাসকের কার্যালয় ঐ অর্থ সোঁনালী/জনতা/অগ্রণী/রাজশাহী কৃষি উন্নয়ন/বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রধান কার্যালয়ে ন্যস্ত করবে।

ঘ) উপজেলা/সিটি কর্পোরেশন এলাকার থানার ক্ষেত্রে থানায় অবস্থিত সোঁনালী/জনতা/অগ্রণী/ রাজশাহী কৃষি উন্নয়ন/বাংলাদেশ কৃষি ব্যাংকের শাখার মাধ্যমে এ ভাতা পরিশোধ করা হবে।

ঙ) পেনশনারদের পিপিও-এর ন্যায় মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা পরিশোধ বই (পাশবই-ফরম-২) নামে একটি বই থাকবে। এ বইয়ে সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার/গেজেটেড কর্মকর্তা/উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক ভাতা প্রাপকের সত্যায়িত ছবি (সত্যায়নকারীর সীলসহ) থাকবে। প্রতিটি বইয়ে পৃথক নম্বর থাকবে। প্রার্থী তালিকা চূড়ান্তভাবে অনুমোদিত হওয়ার পর উপজেলার ক্ষেত্রে উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা এবং সিটি কর্পোরেশন এলাকার থানার ক্ষেত্রে জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা ভাতা প্রাপকের নামে একটি বই ইস্যু করবে। এ বই ইস্যু করার পর জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা/ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা সংশ্লিষ্ট ভাতা গ্রহীতার ছবিসহ ডি হাফ (ফরম-৩) প্রেরণ করবে। মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা গ্রহীতাদের মধ্যে কেহ পাস বই হারিয়ে বা নষ্ট করে ফেললে সংশ্লিষ্ট উপজেলা কমিটি/সিটি কর্পোরেশন কমিটি সংশ্লিষ্ট ব্যক্তির আবেদনপত্রের ভিত্তিতে বিষয়টি চূড়ান্ত নিষ্পত্তি করবে। বিষয়টি যাচাই বাছাই করে কমিটি পুনরায় একটি ডুপ্লিকেট পাস বই ইস্যু করার জন্য সংশ্লিষ্ট জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা/ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাকে সুপারিশ করবে এবং জেলা কমিটিসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে।

চ) উপজেলার ক্ষেত্রে উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা এবং উপজেলা সমাজসেবা কার্যালয় মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রাপকদের নাম, ছবি ও নমুনা স্বাক্ষরসমেত একটি রেজিস্টার সংরক্ষণ করবে। সিটি কর্পোরেশন থানার ক্ষেত্রে জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা এবং উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রাপকদের নাম, ছবি ও নমুনা স্বাক্ষরসমেত একটি রেজিস্টার সংরক্ষণ করবে। যদি শারীরিক অক্ষমতাজনিত কারণে কিংবা পর্দানশিন হবার কারণে কোন ভাতাভোগী ভাতা গ্রহণের জন্য স্বশরীরে উপস্থিত হতে না পারেন, তাহলে তিনি অন্য কোন ব্যক্তিকে তার পক্ষে ভাতা গ্রহণের জন্য মনোনীত করতে পারবেন। মনোনীত ব্যক্তির পরিচয়পত্রে ওয়ার্ড মেম্বার/কাউন্সিলর/ গেজেটেড কর্মকর্তা/উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ছবি (সত্যায়নকারীর সীলসহ) থাকবে। মনোনীত ব্যক্তি ভাতা গ্রহণ করার সময় প্রতিবার সংশ্লিষ্ট ভাতাভোগী জীবিত আছেন মর্মে স্থানীয় প্রতিনিধি ওয়ার্ড মেম্বার/কাউন্সিলর/চেয়ারম্যান-এর সনদ পত্র পেশ করবে।

ছ) মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রতি মাসে প্রদান করা হবে। তবে কেহ ইচ্ছা করলে একত্রে একাধিক মাসের বকেয়া উত্তোলন করতে পারবেন। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট অর্থ বছর ব্যতীত পূর্ববর্তী অর্থ বছর সমূহের কোন বকেয়া দাবী করা যাবে না।

জ) মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা গ্রহীতা মৃত্যুবরণ করলে সংশ্লিষ্ট উপজেলা এলাকার ক্ষেত্রে কমিটির সভাপতি/ সদস্য-সচিব অবিলম্বে বিষয়টি সংশ্লিষ্ট জেলা প্রশাসককে জ্ঞাত করে উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাকে লিখিতভাবে জ্ঞাত করবে। মৃত ব্যক্তির মৃত্যুজনিত একটি সার্টিফিকেট সংশ্লিষ্ট উপজেলা কমিটির সভাপতি/সদস্য-সচিব ইস্যু করবে (ফরম-৪) সিটি কর্পোরেশনের এলাকাভুক্ত থানাসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন এলাকাভুক্ত থানাসমূহে ভাতা বিতরণ সংক্রান্ত কমিটির সভাপতি/সদস্য-সচিব অবিলম্বে বিষয়টি সংশ্লিষ্ট জেলা প্রশাসককে জ্ঞাত করে জেলা হিসাবরক্ষণ কর্মকর্তাকে লিখিতভাবে অবহিত করবে। মৃত ব্যক্তির মৃত্যুজনিত একটি সার্টিফিকেট সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন কমিটির সভাপতি/সদস্য-সচিব ইস্যু করবে।

**১৭. নীতিমালা সংশোধন ঃ**

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মতামতের ভিত্তিতে বাস্তবতার নিরিখে এবং প্রয়োজনে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই নীতিমালা সংশোধন/পরিবর্তন/পরিবর্ধন এবং পরিমার্জন করতে পারবে।

**১৮. আর্থিক বিবরণ প্রেরণ ঃ**

প্রতি অর্থ বছর শেষে (পরবর্তী বৎসরের ৩১ শে জুলাই'র মধ্যে) প্রতি জেলা/পার্বত্য জেলা/সিটি কর্পোরেশন এবং উপজেলা কমিটি সংশ্লিষ্ট ব্যাংক-এর সাথে যোগাযোগক্রমে সংশ্লিষ্ট অর্থ বছরের ভাতা প্রদানের একটি আর্থিক বিবরণী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

**১৯. অব্যয়িত অর্থের বিবরণ ঃ**

জেলার অনুকূলে প্রদত্ত বরাদ্দের অব্যয়িত অর্থ (যদি থাকে) দায়িত্বপ্রাপ্ত ভাতা বিতরণকারী কর্তৃপক্ষ (অথবা দায়িত্ব প্রাপ্ত কর্তৃপক্ষের আদেশক্রমে অনুচ্ছেদ ১৬ এর ক্রমিক 'গ' এবং 'ঘ'-এ বর্ণিত ভাতার অর্থ সংরক্ষণকারী আর্থিক প্রতিষ্ঠান) পরবর্তী আর্থিক বছরের ৩১ জুলাই তারিখের মধ্যে ১-৬৩০১-০০০১-২৬৭১ কোডে জমা করতঃ মন্ত্রণালয়কে অবহিত করবে।

**২০. নীতিমালায় অন্তর্ভুক্ত নাই এমন বিষয় ঃ**

এ নীতিমালায় অন্তর্ভুক্ত হয়নি এমন কোন বিষয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সিদ্ধান্তের ভিত্তিতে নিষ্পত্তি করা হবে।

**২১. নীতিমালার কার্যকারিতা ঃ**

এ নীতিমালা জারির তারিখ থেকে কার্যকর হবে।

কে এইচ মাসুদ সিদ্দিকী
সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

সংযোজনী-১
পৃষ্ঠা-১
ফরম-১

# মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা মঞ্জুরীর আবেদন পত্র

## প্রথম অংশ

পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি

বরাবর,

জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি, মুক্তিযোদ্ধা ভাতা প্রদান সংক্রান্ত জেলা কমিটি/
সিটি কর্পোরেশন/উপজেলা কমিটি

জেলা.......................................
উপজেলা.......................................
সিটি কর্পোরেশন.................................

বিষয় ঃ মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা মঞ্জুরীর জন্য আবেদন।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত মাসিক হারে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রাপ্তির জন্য আবেদন জানাচ্ছি এবং এই সূত্রে নিম্নেলিখিত তথ্যাদি আপনার সহানুভূতিশীল বিবেচনার জন্য পেশ করছি :-

(ক) আবেদনকারীর নামঃ ................................ (খ) মুক্তিযোদ্ধার সাথে সর্ম্পকঃ.........................
(গ) মুক্তিযোদ্ধার নামঃ........................................ (ঘ) পিতা/স্বামীর নামঃ.........................................
(ঙ) মাতার নামঃ...........................................
(চ) ঠিকানাঃ

| বর্তমান : | স্থায়ী : |
|---|---|
| গ্রাম/মহল্লা/ওয়ার্ড ........................................ | গ্রাম/মহল্লা/ওয়ার্ড ....................................... |
| ডাকঘর ................................................ | ডাকঘর ............................................... |
| ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন.................... | ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন........... |
| উপজেলা/থানা......................জেলাঃ.................. | উপজেলা/থানা...............জেলাঃ.................. |

(ছ) জাতীয় পরিচয় পত্র নং :-...............................
(জ) জন্ম তারিখ/আনুমানিক বয়স :
(ঝ) সনাক্তকরণ চিহ্ন :
(ঞ) চূড়ান্ত মুক্তিবার্তা (লালবই) নম্বর :
(ট) গেজেট নম্বর ও তারিখ :
(ঠ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে ইস্যুকৃত সাময়িক সনদপত্রের নম্বর ও তারিখ :
(সনদের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে)

সংযোজনী-১
পৃষ্ঠা-২
ফরম-১

(ড) মাননীয় প্রধানমন্ত্রী স্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদে সনদপত্রের নম্বর ও তারিখ (সনদের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে)। :

(ঢ) পৌরসভা/ইউনিয়ন/সিটি কর্পোরেশনের বাসিন্দা হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর এর নিকট থেকে স্থায়ী বাসিন্দার প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে। :

(ণ) স্থানীয় ব্যাংকের কোন শাখা হতে ভাতা উত্তোলনে আগ্রহী। :

**২। শারীরিক অক্ষমতাজনিত কারণে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা গ্রহণের জন্য সশরীরে উপস্থিত হওয়া সম্ভব না হলে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা গ্রহণের জন্য মনোনীত ব্যক্তির তথ্য:-**

| নাম ও ঠিকানা | সম্পর্ক | মনোনীত ব্যক্তির নমুনা স্বাক্ষর | মুক্তিযোদ্ধা সম্মানী ভাতাভোগীর স্বাক্ষর/টিপসহি |
|---|---|---|---|
| | | | |

তারিখ:..............................

আপনার বিশ্বস্ত

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি :......................

আবেদনকারীর নাম :......................................

## দ্বিতীয় অংশ
## (মঞ্জুরকারী কর্তৃপক্ষের আদেশ)

জনাব/বেগম.......................................... পিতা/স্বামী..........................................
মাতা.......................................... কে মাসিক..........................................
(কথায়..........................................) টাকা হারে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা মঞ্জুর করা হলো।

উপজেলা পর্যায়ে ভাতা বিতরণ সংক্রান্ত কমিটির সদস্য- সচিব/সিটি কর্পোরেশনের এলাকাভুক্ত থানাসমূহের ভাতা বিতরণ সংক্রান্ত কমিটির সদস্য-সচিব।

স্বাক্ষর
(সীলমোহর)
তারিখ:............................

উপজেলা পর্যায়ে ভাতা বিতরণ সংক্রান্ত কমিটির সদস্য- সচিব/সিটি কর্পোরেশনের এলাকাভুক্ত থানাসমূহের ভাতা বিতরণ সংক্রান্ত কমিটির সদস্য-সচিব।

স্বাক্ষর
(সীলমোহর)
তারিখ:............................

সংযোজনী-২
পৃষ্ঠা-১
ফরম-২

বহি নম্বর .....................

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

# মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা পরিশোধ বহি

(মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা গ্রহণকারীর অংশ)

সংযোজনী-২
পৃষ্ঠা-২
ফরম-২

# মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা পরিশোধ বহি

## (মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা গ্রহণকারীর অংশ)

পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি

১। খরচ বহনকারী ঃ ..............................................................................

২। হিসাবের খাত/কোড ঃ ..............................................................................

৩। মুখ্য খাত ঃ ..............................................................................

৪। গৌণ খাত ঃ ..............................................................................

৫। মুক্তিযোদ্ধা সম্মানীভাতা গ্রহীতার নাম ঃ ..............................................................................

৬। ঠিকানা ঃ

(ক) স্থায়ী ঃ

..............................................................................

..............................................................................

..............................................................................

..............................................................................

(খ) বর্তমান ঃ

..............................................................................

..............................................................................

..............................................................................

..............................................................................

৭। জন্ম তারিখ অথবা আনুমানিক বয়স ঃ ..............................................................................

সংযোজনী-২
পৃষ্টা-৩
ফরম-২

# মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা পরিশোধের আদেশ

জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা/বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয় ........................................ জেলা/ সিটি কর্পোরেশন /উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় ............................ উপজেলা।

নং ................................ তারিখ : ........................................

জনাব,

অন্য কোন আদেশ না পাওয়া পর্যন্ত প্রত্যেক মাস শেষ হলে অনুগ্রহপূর্বক........................................ কে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বাবদ ................ (কথায়........................................) টাকা এই আদেশনামা উপস্থাপন ও নিয়মিত ফরম অনুসারে রশিদ দাখিলের পর পরিশোধ করা হোক।.

স্বাক্ষর
পদবী
(বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা
/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা)

বরাবর
ম্যানেজার
................................ ব্যাংক
................................ শাখা।

টীকা ঃ (১) এই আদেশের অধীনে কেবল সশরীরে উপস্থিত মুক্তিযোদ্ধা সম্মানী ভাতাভোগীকেই অর্থ পরিশোধ করতে হবে।

(২) পর্দানশিন মহিলা এবং অসুস্থতা ও শারীরিক কারণে উপস্থিত হতে অসমর্থ মুক্তিযোদ্ধা সম্মানী ভাতাভোগী তাঁর পক্ষে ভাতা গ্রহণের জন্য কোন ব্যক্তিকে লিখিতভাবে মনোনয়ন প্রদান করবেন এবং মনোনীত ব্যক্তি ভাতা গ্রহণের সময় প্রতিবার সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা জীবিত আছেন এই মর্মে স্থানীয় প্রতিনিধি (ওয়ার্ড মেম্বার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর) -এর সনদপত্র পেশ করবেন।

(৩) মুক্তিযোদ্ধা সম্মানী ভাতাভোগীর মৃত্যুর পর এই আদেশনামা বাতিল বলে গণ্য হইবে।

সংযোজনী-২
পৃষ্ঠা-৪
ফরম-২

# মুক্তিযোদ্ধা সম্মানী ভাতার পরিমাণ ঃ

টাকা ঃ........................................................ কথায় ঃ........................................................

২. প্রত্যেক বারে দেয় টাকা লিপিবদ্ধ করতে হবে।

| যে মাসের মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা পাওনা | ভাতার পরিমাণ | টাকা দেওয়ার তারিখ | ভাতা গ্রহীতার স্বাক্ষর/ টিপসহি | ভাতা পরিশোধ কারীর স্বাক্ষর | ভাতার পরিমাণ | টাকা দেওয়ার তারিখ | ভাতা গ্রহীতার স্বাক্ষর/ টিপসহি | ভাতা পরিশোধ কারীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |

সংযোজনী-২
পৃষ্ঠা-৫
ফরম-২

## মুক্তিযোদ্ধা সম্মানী ভাতার পরিমাণ ঃ

টাকা ঃ......................................................... কথায় ঃ ...........................................................................

২. প্রত্যেক বারে দেয় টাকা লিপিবদ্ধ করতে হবে।

| যে মাসের মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা পাওনা | ভাতার পরিমাণ | টাকা দেওয়ার তারিখ | ভাতা গ্রহীতার স্বাক্ষর/ টিপসহি | ভাতা পরিশোধ কারীর স্বাক্ষর | ভাতার পরিমাণ | টাকা দেওয়ার তারিখ | ভাতা গ্রহীতার স্বাক্ষর/ টিপসহি | ভাতা পরিশোধ কারীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |

সংযোজনী-৩
পৃষ্ঠা-১
ফরম-৩

# মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা পরিশোধের আদেশ
## [ব্যয়নকারীর (ব্যাংক) অংশ]

পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি

...................................
প্রথম অর্থ পরিশোধের সময়
মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা গ্রহণকারীর স্বাক্ষর

| ভাতা মঞ্জুরী আদেশ নামার তারিখ | মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা গ্রহণকারীর নাম, পিতার নাম ও আবাসিক ঠিকানা | জন্ম তারিখ অথবা আনুমানিক বয়স | শরীরিক সনাক্তকরণের চিহ্ন | মাসিক মুক্তিযোদ্ধা সম্মানী ভাতার পরিমাণ |
|---|---|---|---|---|
| | | | | |

জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়/
উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়

নং.................................... ..................................................
....................................
জনাব,
এই আদেশনামায় মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা গ্রহণকারীর অংশ উপস্থাপনে এবং প্রচলিত ধারা মোতাবেক দাবীদারের নিকট হতে অর্থ প্রাপ্তির রশিদ গ্রহণ সাপেক্ষে পরবর্তী আদেশ না পাওয়া পর্যন্ত প্রতি মাস অতিক্রান্ত হলে জনাব/বেগম ..........................................................পিতা..........................................................
মাতা..........................................................গ্রাম..........................................................
ইউনিয়ন..........................................................উপজেলা/থানা..........................................................
জেলা.................................. কে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বাবদ .............................. টাকা প্রদান করতে অনুরোধ করা যাচ্ছে। তাকে ..............................তারিখ থেকে অর্থ প্রদান করা হবে।

.........................................................
.........................................................

স্বাক্ষর
পদবী
(জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা/
উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা)

প্রতি,
ম্যানেজার,
..........................................................ব্যাংক
.......................................................... শাখা
উপজেলা/ থানা ঃ
জেলা ঃ

সংযোজনী-৩
পৃষ্ঠা-২
ফরম-৩

# ব্যয়নকারীর অংশের বিপরীত পৃষ্ঠা

মুক্তিযুদ্ধো সম্মানী ভাতার পরিমাণ ..............(কথায়)..............................................
........................................ তারিখ হইতে প্রদেয়।

প্রতিটি স্বতন্ত্র পরিশোধ নিম্নলিখিতভাবে লিপিবদ্ধ করতে হবে :

| যে সকল মাসের ভাতা দেওয়া হয় | অর্থ পরিশোধের তারিখ | ব্যয়ন অফিসারের স্বাক্ষর | অর্থ পরিশোধের তারিখ | ব্যয়ন অফিসারের স্বাক্ষর |
|---|---|---|---|---|
| জুলাই | | | | |
| আগষ্ট | | | | |
| সেপ্টেম্বর | | | | |
| অক্টোবর | | | | |
| নভেম্বর | | | | |
| ডিসেম্বর | | | | |
| জানুয়ারী | | | | |
| ফেব্রুয়ারি | | | | |
| মার্চ | | | | |
| এপ্রিল | | | | |
| মে | | | | |
| জুন | | | | |

সংযোজনী-৪
পৃষ্টা-১
ফরম-৪

বরাবর,
জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি, মুক্তিযোদ্ধা ভাতা প্রদান সংক্রান্ত জেলা কমিটি/
পার্বত্য জেলা কমিটি/সিটি কর্পোরেশন কমিটি
................................ জেলা।

# প্রত্যয়নপত্র

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, ..............................................................................................
পিতা/মাতা/স্বামীর নাম:...................................................................... গ্রাম:.............................
ইউনিয়ন:................................ উপজেলা:................................ জেলা:...........................
মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা গ্রহণকালীন অবস্থায় বিগত ...................... তারিখে মৃত্যুবরণ করেছেন।

| | |
|---|---|
| ............................... | ............................... |
| সদস্য-সচিব | সভাপতি |
| উপজেলা পর্যায়ে ভাতা বিতরণ সংক্রান্ত কমিটি/ সিটি কর্পোরেশনের এলাকাভুক্ত থানাসমূহে ভাতা বিতরণ সংক্রান্ত কমিটি। | উপজেলা পর্যায়ে ভাতা বিতরণ সংক্রান্ত কমিটি/সিটি কর্পোরেশনের এলাকাভুক্ত থানাসমূহে ভাতা বিতরণ সংক্রান্ত কমিটির সভাপতি। |

## জেলা/উপজেলা সমাজসেবা কার্যালয়

..................... জেলা/উপজেলা।

নং ...................................          তাং ....................................

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ
১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,
............................................ জেলা/উপজেলা।

উপ-পরিচালক/উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
..................................থানা/উপজেলা।

সংযোজনী-৪
পৃষ্টা-২
ফরম-৪

# ব্যয়নকারীর অংশের বিপরীত পৃষ্ঠা

মুক্তিযুদ্ধো সম্মানী ভাতার পরিমাণ ........................(কথায়)..........................................................
................................... তারিখ হইতে প্রদেয়।

**প্রতিটি স্বতন্ত্র পরিশোধ নিম্নলিখিতভাবে লিপিবদ্ধ করতে হবে :**

| যে সকল মাসের ভাতা দেওয়া হয় | অর্থ পরিশোধের তারিখ | ব্যয়ন অফিসারের স্বাক্ষর | বেতন পরিশোধের তারিখ | ব্যয়ন অফিসারের স্বাক্ষর |
|---|---|---|---|---|
| জুলাই | | | | |
| আগষ্ট | | | | |
| সেপ্টেম্বর | | | | |
| অক্টোবর | | | | |
| নভেম্বর | | | | |
| ডিসেম্বর | | | | |
| জানুয়ারি | | | | |
| ফেব্রুয়ারি | | | | |
| মার্চ | | | | |
| এপ্রিল | | | | |
| মে | | | | |
| জুন | | | | |